গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

শাল্লা উপজেলা পরিষদের জানুয়ারি-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ২০/০১/২০২২ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, ঠিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় লক্ষ মাত্রা সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ল্যাব টেকনিশিয়ান নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্সরে মেশিনের জন্য একজন ল্যাব টেকনিশিয়ান পদায়ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। করোনা ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: এক্সরে মেশিনের জন্য একজন ল্যাব টেকনিশিয়ান পদায়ন করার জন্য উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা। |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নাই।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা। |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং এফএমডি বাদলা তরকা সহ বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রোগাম চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: এফ এমডি বাদলা বিভিন্ন তরকা রোগের ভ্যাকসিন আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা। |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বোরো বীজতলা শুরু হয়েছে। আবহাওয়া অনুকুলে থাকলে আমন ধানের বাম্পার ফলনের সম্ভাবনা রয়েছে। সারের মজুদ পর্যাপ্ত পরিমান রয়েছে।<br>সিদ্ধান্ত: আমন ধানের বাম্পার ফলনের সম্ভাবনা ও সার ও বীজ মজুদ ও বিক্রি তদারকির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নাই। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জনাব মো: আবু তাহের মিয়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মহিলা বিষয়ক বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আননয়ের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ট ও সুন্দর ভাবে চলছে। শাল্লা উপজেলায় মৎস্য অভয়াশ্রমের প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: মৎস্য বিভাগীয় কার্যক্রম আরো সুষ্টু ও সুন্দর ভাবে করার জন্য অনুরোধ করা হলো। অভয়াশ্রমের জন্য পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর ও কাবিটা সাধারণ ও নির্বাচনী প্রকল্প তালিকা এখন পর্যন্ত পাওয়া যায় নি। প্রকল্প তালিকা প্রাপ্ত হলে যাচাই বাচাই পূর্বক অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।<br><br>সিদ্ধান্ত: ইউনিয়ন পরিষদ থেকে দ্রুত তালিকা প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,শাল্লা। |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, আমন ধান সংগ্রহ ২০২১-২০২২ এ বরাদ্দ প্রাপ্ত ২১৪ মে:টন ধান সংগ্রহ সফল ভাবে করার লক্ষ্যে উপজেলা সংগ্রহ কমিটি সভা অনুষ্ঠিত হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা কৃষি অফিস প্রদত্ত তালিকা থেকে প্রকৃত কৃষকের নিকট থেকে আমন ধান সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্টু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: জনস্বাস্থ্য কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্টু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৫০

তারিখ: ২০ জানুয়ারি ২০২২ খ্রি: / ৬ মাঘ ১৪২৯ বাংলা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। ড.জয়াসেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২।
০৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

০৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৬। অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
০৭। দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৮। উপজেলা -------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সকল, শাল্লা, সুনামগঞ্জ।
১০। জনাব ---------------------------------- সদস্য।

(মোঃ আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।